# মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়্যেম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ ফায়েদা: বান্দার মধ্যে শয়তানের প্রবেশদ্বার

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

---

ফায়েদা: বান্দার মধ্যে শয়তানের প্রবেশদ্বার

প্রত্যেক জ্ঞানীই জ্ঞাত যে, শয়তান মানুষের মধ্যে প্রবেশের তিনটি পথ রয়েছে। সেগুলো হলো:

প্রথমত: অতিরঞ্জন (প্রয়োজনের অতিরিক্ত খরচ) ও অপচয় করা। ব্যক্তির প্রয়োজনের বেশি হবে এবং তা তার জন্য অতিরিক্ত হিসেবে গণ্য হবে। এ অতিরিক্ত অংশ শয়তানের এবং তা শয়তান ব্যক্তির অন্তরে প্রবেশের পথ। এ থেকে মুক্তির উপায় হচ্ছে, খাদ্য, ঘুম, ভোগ-বিলাস ও বিশ্রাম প্রয়োজন অনুযায়ী দেওয়ার ব্যাপারে অত্যন্ত সতর্ক থাকা। এ পথ বন্ধ হলে তার চিরশত্রু শয়তানের তার মধ্যে প্রবেশের পথ বন্ধ হয়ে যাবে।

দ্বিতীয়ত: অসতর্কতা ও অলসতা: সদা সতর্ক ব্যক্তি সতর্কতার দুর্গে থাকে। যখনই সে অসতর্ক হয়ে যায় তখনই তার দুর্গের দরজা খুলে যায়। ফলে তখন শত্রু তার দুর্গে ঢুকে পড়ে। তখন সে তার উপর চড়াও হয় এবং তাকে সেখান থেকে তাড়ানো কঠিন হয়ে পড়ে।

তৃতীয়ত: অনর্থক কাজে কৃত্রিমতা দেখানো।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=9770

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন